

নিয়োগবিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর লিস্টিং অপারেশন এবং মূল শুমারির গণনা কার্যক্রমে 'তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার' পদে নিয়োগের প্যানেল গঠনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র কাঠালিয়া উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী বেকার যুবক/ যুব মহিলা এবং ছাত্র/ ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র:নং	পদের নাম	প্রাপ্য ভািতাদি (টাকা)	প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা
০১)	সুপারভাইজার	প্রকল্পের ডিপিপি অনুযায়ী সম্মানি ও প্রশিক্ষণভাতা প্রাপ্য হবেন	১) ন্যূনতম স্নাতক/সমমান পাস ও বেকার হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন (এন্ড্রয়েডভার্সন 6.0 বা তদুর্ধ্ব), স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি থাকতে হবে, ডাটা কানেকশন সচল থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) মাঠ পর্যায়ে বাড়ি বাড়ি গিয়ে ICR(Intelligent character Recognition) ফরমেটে বিবিএসের নির্ধারিত এপসের মাধ্যমে তথ্য সংগ্রহ করতে হবে। ৪) ০১/০২/২০২০ তারিখে বয়স ২৩-৪০ বৎসরের মধ্যে হতে হবে। ৫) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৬) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।
০২)	তালিকাকারী/ গণনাকারী	প্রকল্পের ডিপিপি অনুযায়ী সম্মানি ও প্রশিক্ষণভাতা প্রাপ্য হবেন	১) ন্যূনতমএইচ এস সি/ সমমানের পাস ও বেকার হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন (এন্ড্রয়েডভার্সন 6.0 বা তদুর্ধ্ব), স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি থাকতে হবে, ডাটা কানেকশন সচল থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) মাঠ পর্যায়ে বাড়ি বাড়ি গিয়ে ICR(Intelligent character Recognition) ফরমেটে বিবিএসের নির্ধারিত এপসের মাধ্যমে তথ্য সংগ্রহ করতে হবে। ৪) ০১/০২/২০২০ তারিখে বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে। ৫) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৬) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।

শর্তাবলী:

- উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট (<http://bbs.kathalia.jhalakathi.gov.bd/>) থেকে ডাউনলোড করে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক স্বহস্তেপূরণ করে আবেদন করতে হবে। এছাড়া আবেদনের নির্ধারিত ফরম জেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট থেকেও সংগ্রহ করা যাবে।
- আবেদন পত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্র, জাতীয়তা/নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত ফটোকপি, পূর্ববর্তী শুমারিতে কাজের অভিজ্ঞতা (যদি থাকে) তার স্বপক্ষে উপজেলা পরিসংখ্যান অফিস হতে প্রাপ্ত প্রত্যয়ন পত্রের সত্যায়িত কপি এবং সদ্যতোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজ (সত্যায়িত) ও ০১ (এক) কপি স্ট্যাম্প সাইজের ছবি জমা দিতে হবে।
- লিস্টিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০ মাসে) কার্যক্রমে প্রতি তালিকাকারী ১০(দশ) দিনে মোট ৪০০ (কম/ বেশী) খানার তালিকা করবেন, মূল শুমারিতে (২-৮ জানুয়ারি-২০২১) প্রতি গণনাকারী ০৭(সাত) দিনে মোট ১২০ (কম/বেশী) খানার তথ্য সংগ্রহ করতে হবে।
- নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
- লিস্টিং অপারেশনে নিয়োজিত তালিকাকারী ও সুপারভাইজারগণের কার্যক্রম সন্তোষজনক মর্মে প্রতীয়মান হলে তারা মূল শুমারিতে ও যথাক্রমে গণনাকারী এবং সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন (লিস্টিং অপারেশন / শুমারিচলাকালীন সময়ে প্রার্থী নিজেই অন্য কোন কর্মে নিযুক্ত করতে পারবেন না)।
- ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটিমাত্র পদে আবেদন করতে পারবেন।
- সকল পদের আবেদন ফরম বদ্ধ খামের উপর ডান পার্শ্ব পদের নাম উল্লেখপূর্বক আগামী ৩০/০১/২০২০খি: তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের নির্ধারিত বক্সে সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে।
- ৩০/০১/২০২০খি: তারিখের মধ্যে যথাযথভাবে আবেদনকারীদের বাছাই পরীক্ষা নিম্নোক্ত তারিখে উপজেলা পরিষদ সভাকক্ষে আনুষ্ঠিত হবেঃ
 - আওরাবুনিয়া, শৌলজালিয়া ও কাঠালিয়া ইউনিয়ন : ০৪.০২.২০২০ খ্রি. তারিখ, সকালঃ ৯.০০ টা।
 - পাটখালঘাটা, চেচরী রামপুর ও আমুয়া ইউনিয়ন : ০৫.০২.২০২০ খ্রি. তারিখ, সকালঃ ৯.০০ টা।
- প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ /ডিএ দেয়া হবেনা।
- শুধুমাত্র লিস্টিং অপারেশনের জন্য প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে ও উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। এছাড়াও চূড়ান্ত তালিকা উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইটে ও প্রকাশ করা হবে।
- নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল হয়ে যাবে।
- মূল শুমারির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা যথাসময়ে প্রকাশ করা হবে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

আকন্দ মোহাম্মদ ফয়সাল উদ্দীন

উপজেলা নির্বাহী অফিসার

কাঠালিয়া, ঝালকাঠি

ও

সভাপতি

জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর
গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি
কাঠালিয়া, ঝালকাঠি।